রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৭, ২০২৪

## ২য় খণ্ড

### প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

**রাষ্ট্রপতির কার্যালয়**
**জন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ চৈত্র ১৪৩০/১৯ মার্চ ২০২৪

নং **০১.০০৯.০১১.০৫.০০.০৭৯.২০০৯-১২৬**—রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এর কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ এর বিধি ৬(১)(খ) এবং ৬(৩)(ক) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে ৪নং কলামে বর্ণিত তারিখ হতে চাকুরিতে স্থায়ী করা হলো:

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | মোঃ মোজাম্মেল হক ব্যক্তিগত কর্মকর্তা | ২৬ জানুয়ারি ২০২৩ | ২৬ জানুয়ারি ২০২৩ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ নেছার উদ্দিন জুয়েল**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**এক্সচেঞ্জ ও আইসিবি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ফাল্গুন ১৪৩০/১৪ মার্চ ২০২৪

নং **৫৩.০০.০০০০.৪২২.১৩.০০১.১৮-৬**—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর মহাব্যবস্থাপক জনাব রাজী উদ্দিন আহমেদ-কে আগামী ১৭-০৩-২০২৪ তারিখ হতে তার আবেদনের পরিপ্রেক্ষিতে পূর্ণ অবসর প্রদান করা হলো।

২। তিনি বিধি অনুযায়ী লাম্পগ্র্যান্টসহ অবসরকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ নাহিদ হোসেন**
যুগ্মসচিব।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**জনবল ব্যবস্থাপনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০১৫.১৯.০০৩.২২.১০৮**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ে নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে ৩নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলি করা হলো:

| ক্রমিক | নাম, পরিচিতি নম্বর, বর্তমান পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | জনাব মোঃ আবুল কালাম (১০৯০৫১৫২), অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা | অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, বরিশাল |

২। উল্লিখিত কর্মকর্তা ১৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হবেন, অন্যথায় ১৯ মার্চ ২০২৪ তারিখে তাৎক্ষণিক অবমুক্ত মর্মে গণ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শহীদুর রহমান**
সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**এপিডি অনুবিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১১ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২৫৮**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

| কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|
| জনাব মো: মিজানুর রহমান (১৬৭০৭), উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা | জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ড. মোহাম্মদ সাদিক, এমপি-এর একান্ত সচিব। |

২। জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি সভাপতি ড. মোহাম্মদ সাদিক, এমপি-যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মো: মিজানুর রহমান-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩৮.০০.০৩১.২০.২৫৭**—মিজ আফরোজা বেগম (১১২৫৩), সিনিয়র সহকারী সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ১৪-০৩-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১৫-০৩-২০২৪ তারিখ হতে ১৪-০৩-২০২৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

**নং ০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২৫৪**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

| কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|
| জনাব ইকবাল-বিন-মতিন, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | বাংলাদেশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব বেনজীর আহমদ, এমপি-এর একান্ত সচিব। |

২। বাংলাদেশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব বেনজীর আহমদ, এমপি -যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব ইকবাল-বিন-মতিন কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আশরাফুল আলম**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**প্রেষণ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ পৌষ ১৪৩০/১০ জানুয়ারি ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৩.৩৯**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তাঁর চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| জনাব মোঃ জামাল হোসেন (৮০৪৫) অতিরিক্ত পরিচালক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | পরিচালক জাতীয় সঞ্চয় অধিদপ্তর | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০০৩.২৩.৯১৩ সংখ্যক প্রজ্ঞাপনে জনাব সেলিনা কাজী (১৬২৫৯), উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ- কে উপসচিব বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হিসেবে প্রেষণে নিয়োগের আদেশটি এতদ্দ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ**
উপসচিব।

**প্রেষণ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০/০৭ মার্চ ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৪০.১৯.০০৯.২২.১৩৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪০.১৯.০০৯.২২.১১৬ নং স্মারকমূলে জনাব মো: আব্দুল ওয়ারেছ আনসারী (১৭২৭৭), উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) হিসেবে নিয়োগপূর্বক ঢাকা মেট্রোপলিটন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য চাকুরি জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকায় সংযুক্তি প্রদানের আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

**নং ০৫.০০.০০০০.১৪০.১৯.০২৯.১৭.১৩৬**—আগামী ০৯ মার্চ ২০২৪ তারিখ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচন, ত্রিশাল পৌরসভার মেয়র এর শূন্য পদে উপনির্বাচন এবং ০৫টি উপজেলার ০৬টি ইউনিয়নের ০৬টি সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষার্থে ও মোবাইল স্ট্রাইকিং ফোর্স কে দিক নির্দেশনা প্রদানের জন্য আগামী ০৮ মার্চ ২০২৪ তারিখ হতে ১০ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত নিম্ন ছকে বর্ণিত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণকে The code of criminal procedure, 1898 amended as The code of criminal procedure (Amendment) Act, 2009 এর ১০(৫) ধারা অনুযায়ী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগপূর্বক মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা মোতাবেক উক্ত আইনের তফসিলে বর্ণিত আইনসমূহে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণসহ নিম্নে উল্লিখিত শর্তে এবং সময়কালে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-এ ন্যস্ত করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর ও বর্তমান কর্মস্থল | অধিক্ষেত্র | সময়কাল |
|---|---|---|---|
| ১. | জনাব আরিফা সিদ্দিকা (১৬৭৫১)<br>উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), জাতীয় শিক্ষা একাডেমি, ময়মনসিংহ | ময়মনসিংহ জেলার আওতাধীন অধিক্ষেত্র | ০৮-০৩-২০২৪ হতে ১০-০৩-২০২৪ তারিখ পর্যন্ত |
| ২. | জনাব সিজুতি ধর (১৬৯৪৫)<br>প্রধান রাজস্ব কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), ময়মনসিংহ সিটি কর্পোরেশন | | |
| ৩. | জনাব মোঃ আফিফুর রহমান (১৬৯৯২)<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা অফিসার (সিনিয়র সহকারী সচিব), ময়মনসিংহ সিটি কর্পোরেশন | | |
| ৪. | জনাব নিলুফা আক্তার (১৭২০১)<br>উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ | | |
| ৫. | আব্দুল্লাহ-আল-মনসুর (১৭২৪৭)<br>উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ | | |
| ৬. | জনাব দীপায়ন দাস শুভ (১৭২৭৬)<br>প্রধান রাজস্ব কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), ময়মনসিংহ সিটি কর্পোরেশন | | |
| ৭. | জনাব কামরুন্নাহার সেফা (১৭৩৮৬)<br>উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, ময়মনসিংহ | | |
| ৮. | জনাব বুলবুল আহমেদ (১৭৪৩৮)<br>চীফ স্টোর রিসার্স অফিসার (সিনিয়র সহকারী সচিব), ময়মনসিংহ সিটি কর্পোরেশন | | |
| ৯. | জনাব এস এম মাজহারুল ইসলাম (১৭৫৪৩)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), ময়মনসিংহ সিটি কর্পোরেশন | | |
| ১০. | জনাব ইস্ফাত হাশেম (১৭৬৭০)<br>চার্জ অফিসার (সিনিয়র সহকারী সচিব), জোনাল সেটেলমেন্ট অফিসার, ময়মনসিংহ | | |
| ১১. | জনাব দিলরুবা আহমেদ (১৬১৮৪)<br>পরিচালক (উপসচিব), পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ | | |
| ১২. | জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা (১৬৩৬৫)<br>পরিচালক (উপসচিব), সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ | | |
| ১৩. | জনাব লীরা তারফদার (১৬৩৭৪)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), জেলা পরিষদ, ময়মনসিংহ | | |
| ১৪. | জনাব অন্নপূর্ণা দেবনাথ (১৬৩৮০)<br>উপভূমি সংস্কার কমিশনার (উপসচিব), ভূমি সংস্কার বোর্ড, ময়মনসিংহ | | |
| ১৫. | জনাব সুমনা আল মজীদ (১৬৬৪৩)<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (উপসচিব), ক্যান্টনমেন্ট বোর্ড, ময়মনসিংহ | | |
| ১৬. | জনাব সুলতানা রাজিয়া (১৬৭২৮)<br>আঞ্চলিক পরিচালক (উপসচিব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ | | |

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর ও বর্তমান কর্মস্থল | অধিক্ষেত্র | সময়কাল |
|---|---|---|---|
| ১৭. | জনাব আসমা বিনতে রফিক (১৮২৯৫)<br>সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ | | |
| ১৮. | জনাব এ.বি.এম আরিফুল ইসলাম (১৮১৯৬)<br>সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ | | |

২। ন্যস্তকৃত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ-এর নিকট ০৭-০৩-২০২৪ তারিখ অপরাহ্নে রিপোর্ট করবেন এবং তার নির্দেশনা অনুসারে দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালন শেষে অবমুক্ত হয়ে নিজ কর্মস্থলে যোগদান করবেন;

৩। জনাব মোঃ সফিকুল ইসলাম (১৬৩৪৫), উপপরিচালক (স্থানীয় সরকার), জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-কে The code of criminal procedure, 1898 amended as The code of criminal procedure (Amendment) Act, 2009 এর ১০(৫) ধারা অনুযায়ী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণপূর্বক মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা মোতাবেক উক্ত আইনের তফসিলে বর্ণিত আইনসমূহে ০৮-০৩-২০২৪ হতে ১০-০৩-২০২৪ তারিখ পর্যন্ত ময়মনসিংহ জেলার আওতাধীন অধিক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হলো;

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এটিএম শরিফুল আলম**
উপসচিব।

---

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/০৬ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫২.০০.০০০০.০০৫.১২.০৭৯.২২-২৩৩**—বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারভুক্ত নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরিচালক পদে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৪, টাকা-৫০,০০০—৭১,২০০/-) পদোন্নতি প্রদানপূর্বক পরবর্তী পদায়নের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হলো:

| ক্রম | নাম, পরিচিতি নম্বর ও পদবি | কর্মস্থল |
|---|---|---|
| ১ | জনাব মুহাম্মদ আতিকুল কবীর, পরিচিতি নম্বর: SC251031, যুগ্মপরিচালক | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শরীফ নজরুল ইসলাম**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**প্রেষণ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০/০৭ মার্চ ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০১.২৩.২৬৫**—বাংলাদেশ সশস্ত্র বাহিনীর (সেনাবাহিনী) নিম্নবর্ণিত কর্মকর্তাকে বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগে তার চাকরি সংশ্লিষ্ট কার্যালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রস্তাবিত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত কার্যালয় |
|---|---|---|
| বিএ-৪৮৮৭ ব্রিগেডিয়ার জেনারেল কাজী আনিসুজ্জামান, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি বাংলাদেশ সেনাবাহিনী | পরিচালক এনএসআই | প্রধানমন্ত্রীর কার্যালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০/১০ মার্চ ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০২৬.২৩.২৬৭**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বর্তমান প্রেষণ পদ থেকে প্রত্যাহারপূর্বক নিজ কর্ম-অধিক্ষেত্রে প্রত্যাবর্তনের জন্য তাদের চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রত্যর্পণ করা হলো:

| ক্রমিক নং | নাম, পদবি ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| ১। | জনাব এ. কে. এম তানভীর আহমেদ<br>উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২। | জনাব মোহাম্মদ হাবিবুল্লাহ এহসান<br>উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন | |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০৩৩.২৩.২৭১**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে বর্তমান প্রেষণ পদ থেকে প্রত্যাহারপূর্বক নিজ কর্ম-

অধিক্ষেত্রে প্রত্যাবর্তনের জন্য তাদের চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রত্যর্পণ করা হলো:

| নাম, পদবি ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|
| জনাব মোঃ ইকবাল হোসেন<br>ওভারশিয়ার, আরবরিকালচার গণপূর্ত উপবিভাগ, ঢাকা | কৃষি মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০/১১ মার্চ ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০১০.২৩.২৭৭**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|
| জনাব তৌফিক শফিকুল ইসলাম<br>পরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা | পরিচালক<br>পররাষ্ট্র মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৭৮**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| জনাব আফসানা বিলকিস (১৫৮৯৪)<br>পরিচালক, বাংলাদেশ টেলিভিশন | পরিচালক<br>পরিবেশ অধিদপ্তর | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০১.২৩.২৮৩**—বাংলাদেশ সশস্ত্র বাহিনীর (সেনাবাহিনী) নিম্নবর্ণিত কর্মকর্তাকে বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগে তার চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রস্তাবিত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| বিএ-৬৮৯৪ লেঃ কর্নেল এস, এম, জুবায়ের আলম, পিএসসি, পদাতিক<br>বাংলাদেশ সেনাবাহিনী | এ্যাসোসিয়েট প্রফেসর<br>ডিপার্টমেন্ট অব ইন্টারন্যাশনাল রিলেশন, ফ্যাকাল্টি অব সিকিউরিটি এন্ড স্ট্রাটিজিক স্টাডিজ, বিইউপি | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০১.২৩.২৮৪**—বাংলাদেশ সশস্ত্র বাহিনীর (সেনাবাহিনী) নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগ/ প্রেষণ পদ থেকে প্রত্যাহারপূর্বক তাদের চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| ক্রমিক | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রস্তাবিত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|---|
| ১। | বিএ-৫২৮৬ মেজর আবুল হাসনাত মুহম্মদ মোফাজ্জল করীম এসইউপি, আর্টিলারি, কর্ড টু ডিন<br>ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড টেকনোলজি, বিইউপি | বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যাবর্তন | সশস্ত্র বাহিনী বিভাগ |
| ২। | বিএ-৫৪৩৪ মেজর আবুল বাসার মোঃ মোশাররফ, জি+, আর্টিলারি<br>বাংলাদেশ সেনাবাহিনী | কর্ড টু ডিন ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড টেকনোলজি, বিইউপি | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৮৫**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| জনাব মোঃ রেজাউল করিম (১৬০০৭)<br>পরিচালক, পরিবেশ অধিদপ্তর | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | স্থানীয় সরকার বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৮৭**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| জনাব মরিয়ম বেগম (২০৫৫৫)<br>অতিরিক্ত জেলা প্রশাসক<br>জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী | জয়িতা ফাউন্ডেশনে দায়িত্ব পালনের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সংযুক্ত | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৮৯**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| উম্মে কুলসুম ফেরদৌসী (৮২৬১), উপসচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানকৃত | উপপরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর | কৃষি মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৯০**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| কাজী ফারুক আহমদ (৭৯১৪) পরিচালক পায়রা বন্দর কর্তৃপক্ষ | আঞ্চলিক পরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৯১**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| জনাব ফজলে ছিদ্দীক মোঃ ইয়াহিয়া (৮০৫৪), উপসচিব প্রতিরক্ষা মন্ত্রণালয় | উপপরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৯২**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট কার্যালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত কার্যালয় |
|---|---|---|
| জনাব জন কেনেডি জাম্বিল (১৫৮৪৭) জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, ময়মনসিংহ (পরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর হিসেবে বদলির আদেশাধীন) | পরিচালক বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ময়মনসিংহ | প্রধানমন্ত্রীর কার্যালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৯৩**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| জনাব মোঃ শাহীনুজ্জামান (১৬৫১৯) পরিচালক দুর্নীতি দমন কমিশন | পরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা | জনপ্রশাসন মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৯৪**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| জনাব দাউদ হোসেন চৌধুরী (১৬৫১১) উপসচিব শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার (RRRC) | পরিচালক দুর্নীতি দমন কমিশন | মন্ত্রিপরিষদ বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০/১২ মার্চ ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২৪.২৯৭**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (উপসচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তার চাকরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত মন্ত্রণালয় |
|---|---|---|
| জনাব ইসরাত জাহান কেয়া (১৬৩৬৪) উপপরিচালক বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ঢাকা | মহাব্যবস্থাপক ঢাকা কেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ**
উপসচিব।

---

**প্রেষণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০/১৪ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৪০.৩৪.০০১.১৭.১৪৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্ন ছকে বর্ণিত কর্মকর্তাকে The Code of Criminal Procedure, 1898-এর ১০(৫) ধারা অনুযায়ী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণপূর্বক মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর ৫ ধারা মোতাবেক তার নামের পাশে বর্ণিত আইনে, অধিক্ষেত্রে, সময়কালে এবং উল্লিখিত শর্তে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হলো :

| কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও পদবি | আইন | অধিক্ষেত্র | সময়কাল |
|---|---|---|---|
| জনাব সুমনা আল মজীদ (১৬৬৪৩)<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,<br>মোমেনশাহী সেনানিবাস, ময়মনসিংহ | ১. Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর sections 144, 145, 147, 148, 152, 153, 186, 189, 264, 265, 272, 273, 290, 292, 352, 353, 354, 355, 356, 357, 358;<br>২. ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ২৭ নং আইন) এর ধারা ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১৩৩, ১৩৭, ১৩৯, ১৪৫, ১৪৭, ১৪৮, ১৫১, ১৫২, ১৫৪, ১৬৪, ১৭৩, ১৭৬, ১৮২, ১৯৬ ও ১৯৯;<br>৩. মহাসড়ক আইন, ২০২১ (২০২১ সনের ২৮নং আইন);<br>৪. পেট্রোলিয়াম আইন, ২০১৬ (২০১৬ সনের ৩২ নং আইন);<br>৫. Building Construction Act, 1952 (West Bengal Act No. II of 1952);<br>৬. পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১ (২০১১ সনের ১৬ নং আইন);<br>৭. নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩নং আইন);<br>৮. The Government and Local Authority Lands Building (Recovery and Possession) ordinance, 1970 (East Pakistan Ordinance No. XVIIII of 1970);<br>৯. Public Examinations (offences) Act, 1980 (Act No. XLII of 1980);<br>১০. Medical Practice and Private Clinics and Laboratories (Regulation) Ordinance, 1982 (Ordinance No. IV of 1982);<br>১১. ওজন পরিমাপ মানদন্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৬নং আইন) এর ধারা ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭(১) ও (২), ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২,৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭,৪৮, ৪৯, ৫০, ৫২, ৫৪,ও ৫৫;<br>১২. মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাণ নিয়ন্ত্রণ আইন, ২০২০ (২০২০ সনের ২০ নং আইন) এর ধারা ৩১, ৩৪ ও ৩৫;<br>১৩. সড়ক পরিবহন আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৫, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৫, ৯৬, ৯৭, ১০০ (যেক্ষেত্রে কারাদন্ডের সীমা ২ বৎসরের মধ্যে থাকে), ১০১, ১০২, ১০৩, ১০৪;<br>১৪. বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২৭, ২৮, ৩০ ও ৩১;<br>১৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর—<br>(ক) ধারা ৩৬ এর—<br>(অ) উপ-ধারা (১) উল্লিখিত সারণির ক্রমিক ১৬, ১৭, ২১, ২৫ ও ৩২ [উক্ত ক্রমিকের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি (গ) ব্যতীত];<br>(আ) উপ-ধারা (৫) ও (৬) [যে ক্ষেত্রে কারাদণ্ডের সর্বোচ্চ সীমা ২(দুই) বৎসরের মধ্যে থাকে]; এবং<br>(খ) ধারা ৩৯ ও ধারা ৪২ এর উপ-ধারা (১);<br>১৬. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (১) এ উল্লিখিত টেবিলের ক্রমিক নং ৩, ৪ (ক) (প্রথম অপরাধ), ৪ (খ), ৫ (প্রথম অপরাধ), ৬ (প্রথম অপরাধ), ৭ (প্রথম অপরাধ) ও ৮ (প্রথম অপরাধ) এবং ধারা ১৫ এর উপ-ধারা (২); | সংশ্লিষ্ট ক্যান্টনমেন্টের আওতাধীন এলাকাসমূহ | বর্তমান পদে কর্মরত থাকাকালীন |

| কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও পদবি | আইন | অধিক্ষেত্র | সময়কাল |
|---|---|---|---|
| | ১৭. পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন);<br>১৮. বিমান নিরাপত্তা বিরোধী অপরাধ দমন আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৭ নং আইন);<br>১৯. এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন);<br>২০. অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ (২০০৩ সনের ৭নং আইন);<br>২১. জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন);<br>২২. ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন);<br>২৩. কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৮ নং আইন);<br>২৪. ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নং আইন);<br>২৫. বাংলাদেশ গ্যাস আইন, ২০১০ (২০১০ সনের ৪০ নং আইন);<br>২৬. Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর section 509;<br>২৭. রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন);<br>২৮. দেয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ (২০১২ সনের ১ নং আইন);<br>২৯. দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ (২০১২ সনের ৪৩ নং আইন);<br>৩০. পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ (২০১০ সনের ৫৩ নং আইন); | সংশ্লিষ্ট ক্যান্টনমেন্টের আওতাধীন এলাকাসমূহ | বর্তমান পদে কর্মরত থাকাকালীন |

**শর্তাবলি:**

১। ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট পরিচালনার পূর্বে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট কে অবহিত করবেন; এবং

২। ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট পরিচালনার তথ্য নির্ধারিত ছকে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জেতী প্রু**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০/০৬ মার্চ ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৯৪.১৩.০৩৫.২১.৩৬৬**—জনাব মোঃ আনিসুল হক মৃধা (বিপি-৬৫৮৯০৫১৬৮৮) সহকারী পুলিশ সুপার, পুলিশ টেলিকম, রাজারবাগ, ঢাকাকে ১৯-০৩-২০২৪ তারিখে বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১) (ক) অনুযায়ী সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ২০-০৩-২০২৪ তারিখ হতে ১৯-০৩-২০২৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০/১২ মার্চ ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৯৪.১৩.০৩৫.২১.৪৬৮**—জনাব মোঃ মোজাম্মেল হক (বিপি-৬৫৯০০৫২২৪১) অতিরিক্ত পুলিশ সুপার, অপরাধ তদন্ত বিভাগ, বাংলাদেশ পুলিশ, ঢাকাকে ২৯-০৪-২০২৪ তারিখে বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১) (ক) অনুযায়ী সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ৩০-০৪-২০২৪ তারিখ হতে ২৯-০৪-২০২৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহাবুর রহমান শেখ**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা অনুবিভাগ**
**মৎস্য পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০/০৫ মার্চ ২০২৪

**নং ৩৩.০০.০০০০.১৩৬.১৪.০০৬.২১.৭০**—নিম্নবর্ণিত কর্মকর্তা কে তার নামের পাশে উল্লিখিত পদে প্রেষণে নিয়োগ করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | নিয়োগ/পদায়নকৃত পদ |
|---|---|---|
| ১ | জনাব মোঃ খালিদুজ্জামান জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও। | প্রকল্প পরিচালক (পূর্ণকালীন) দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ মোজাম্মেল হক**
উপসচিব।

---

**খাদ্য মন্ত্রণালয়**
**সংস্থা প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০/২৫ ফেব্রুয়ারি ২০২৪

**নং ১৩.০০.০০০০.০২২.৩৬.০০১.২০.১১৪**—বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর বিধি ৬(১)(এ) এবং ৭(১)(এ)(বি) ধারা অনুযায়ী চাকরি স্থায়ীকরণের সকল শর্ত পূরণ হওয়ায় বিসিএস (খাদ্য) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী খাদ্য নিয়ন্ত্রক/সমমান পদে যোগদানের তারিখ হতে চাকরিতে স্থায়ী করা হলো:

| কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, বর্তমান পদবি ও কর্মস্থল | বিসিএস (খাদ্য) ক্যাডারে যোগদানের তারিখ | চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|
| জনাব শাকিল আহমেদ, পরিচিতি নম্বর-০২২২৩ জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাগেরহাট | ১৪-০২-২০২১ | ১৪-০২-২০২১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল আমিন**
উপসচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৬ (দপ্তর ও সংস্থা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০/১৩ মার্চ ২০২৪

**নং ৪১.০০.০০০০.০১৯.০১.১২৭.২৪.৫৫**—জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী এর উপপরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম পাটওয়ারী কে ৩১-১২-২০২৩ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৩(১) (ক) এবং ৪৭ অনুযায়ী সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০১-০১-২০২৪ তারিখ হতে ৩১-১২-২০২৪ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রুহুল কুদ্দুস**
উপসচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ জানুয়ারি ২০২৪

**নং ৪৯.০০.০০০০.০১৫.১৯.০০১.১৭-৪৩**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৯ জুন ২০২১ তারিখের ৮০.০০.০০০০.১১৩.১২.০০৪.২১.১২৯ নং আদেশ মোতাবেক কমিশনের সুপারিশের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী (টাঃ ১৬০০০—৩৮৬৪০, গ্রেড-১০) প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রম | জ্যেষ্ঠতা নং | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম |
|---|---|---|---|
| ০১ | ০১ | জনাব ইব্রাহীম খলিল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। | প্রশাসনিক কর্মকর্তা |

২। এ পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাইদুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কর প্রশাসন-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩০/১৯ ফেব্রুয়ারি, ২০২৪

নং **০৮.০১.০০০০.০২০.০২.০১৪.২০২৩/২৬৯**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের বিগত ০৫-১০-২০২৩ তারিখের ৮০.০০.

০০০০.২০০.৬৪.০১৪.২২(অংশ)-২৬৮ নং পত্রের মাধ্যমে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০২৩ অনুযায়ী ৪০ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে জাতীয় রাজস্ব বোর্ডের (আয়কর অনুবিভাগ) কর পরিদর্শক (নন-ক্যাডার, ১০ম গ্রেড) এর শূন্য পদে সুপারিশকৃতদের এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে নিয়োগযোগ্য প্রার্থীদের জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড অনুসারে টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/- বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আয়কর অনুবিভাগে "কর পরিদর্শক" পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তাঁকে বিসিএস (কর) একাডেমী, ঢাকা অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০২(দুই) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁকে শিক্ষানবিস মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসকালে/মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ-(ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম /ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট/প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করা জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servant (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনয়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুসৃত সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা নীতিমালা অনুসরণ করে করদাতা বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও জনকল্যাণে রাজস্ব আহরণের লক্ষ্যে আন্তরিকতার সাথে কাজ করতে হবে;

(ড) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ -১ এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৬ ফাল্গুন ১৪৩০/১০ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন-২ শাখায় যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। পদের নামঃ কর পরিদর্শক।

নিয়োগযোগ্য ঃ ০৬ (ছয়) জন।

| ক্রঃ নং | মেধা ক্রম | প্রার্থীর নাম | জন্ম তারিখ | নিজ জেলা | রেজিঃ নম্বর |
|---|---|---|---|---|---|
| ১ | ১ | মোঃ ফিরোজ মাহমুদ | ০১-১২-১৯৯১ | গাইবান্ধা | ১১১০৫৪৮৪ |
| ২ | ২ | শেখ সাইয়েদুল ইসলাম | ১৫-০৭-১৯৯২ | মুন্সীগঞ্জ | ১১০১১০৪১ |
| ৩ | ৩ | চঞ্চল মোল্যা | ০৫-১১-১৯৯০ | মাদারীপুর | ১১০৬৫৮০০ |
| ৪ | ৪ | হাসান আহাম্মেদ | ১২-০৬-১৯৯২ | টাঙ্গাইল | ১১০৬৫৪৬৮ |
| ৫ | ৫ | মোঃ মাহমুদুল ইসলাম | ২০-১২-১৯৯২ | ঝিনাইদহ | ১১০৪৭৪৩৮ |
| ৬ | ৬ | রকিবুল হাসান | ১৭-০২-১৯৯০ | ঝিনাইদহ | ১১০৩০১৮২ |

০৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

**সৈয়দ মোহাম্মদ আবু দাউদ**
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**এপিডি অনুবিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ মাঘ ১৪৩০/১৩ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০১০.২৪.১৫৮**—বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় চীফ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি-এর অভিপ্রায় অনুযায়ী জনাব মোহাম্মদ ওয়াদুদ মিয়া, পিতা মোঃ আবুল কাশেম উকিল, মাতা মোসাঃ লুৎফুননেছা, গ্রাম: সরকারের চর, ডাকঘর: বহেরাতলা, থানা: শিবচর, জেলা: মাদারীপুর-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ২২০০০/-থেকে ৫৩০৬০/-টাকা বেতন স্কেলে (৯ম গ্রেডে)তাঁর সহকারী একান্ত সচিব হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় চীফ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মোহাম্মদ ওয়াদুদ মিয়া-কে তাঁর সহকারী একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৫ ফাল্গুন ১৪৩০/১৮ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.১৭০**—নিম্নবর্ণিত কর্মকর্তা কে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব সমীর রঞ্জন বিশ্বাস, সিনিয়র/আবাসিক প্রকৌশলী বাংলাদেশ বেতার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়—বাংলাদেশ জাতীয় সংসদের সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি অধ্যাপক ডাঃ আ.ফ.ম. রুহুল হক, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি অধ্যাপক ডাঃ আ.ফ.ম. রুহুল হক, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব সমীর রঞ্জন বিশ্বাস-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.১৭১**—নিম্নবর্ণিত কর্মকর্তা কে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব আহাদ মোঃ সাইদ হায়দার, সহকারী পরিচালক, বাংলাদেশ বেতার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়—বাংলাদেশ জাতীয় সংসদের বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব গোলাম দস্তগীর গাজী , বীরপ্রতীক, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতীক, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব আহাদ মোঃ সাইদ হায়দার-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৫.২৪.১৭৬**—নিম্নবর্ণিত কর্মকর্তা কে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মোঃ আসিফ হাসান, সিনিয়র সহকারী সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়—দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মহিববুর রহমান, এমপি-এর সহকারী একান্ত সচিব।

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মহিববুর রহমান, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জানাব মোঃ আসিফ হাসান-কে সহকার একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কানিজ ফাতেমা**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ৯ ফাল্গুন ১৪৩০/২২ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩২.১৯.০২০.২৩.২২৬**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে বর্তমান প্রেষণ পদ থেকে প্রত্যাহারপূর্বক নিজ কর্ম-অধিক্ষেত্রে প্রত্যাবর্তনের জন্য তাঁর চাকরি সংশ্লিষ্ট বিভাগে প্রত্যার্পণ করা হলো:

| নাম, পদবি ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|
| জনাব সুশান্ত চন্দ্র রায় (বিপি-৮৫১২১৪৭৬৪৯), উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, ঢাকা। | জননিরাপত্তা বিভাগ |

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ**
উপসচিব।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রশাসন-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০/০৩ মার্চ ২০২৪

নং **০৭.০০.০০০০.০৮৪.১১.০০২.১৯(অংশ-১)-১২৯**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮ নভেম্বর ২০২৩ তারিখের ০৮.০০.০০০০.৩০১(গোপনীয়)১১.২৬১৫.২০২৩-১১৪ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত

গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০) মোতাবেক নিম্নবর্ণিত ০৩ (তিন) জন নিয়োগপ্রার্থীকে 'প্রশাসনিক কর্মকর্তা' (গ্রেড-১০) পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১৬,০০০-৩৮,৬৪০/-টাকা বেতনস্কেলে রাজস্বখাতে অস্থায়ীভিত্তিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| মেধাক্রম | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|---|---|
| ১ | জনাব জিয়া উদ্দিন বাবলু<br>পিতা-আলী আহম্মদ<br>মাতা-কাজল রেখা | ২৫-১১-১৯৯২ | গ্রাম-পূর্ব চর ফলকন, ডাকঘর-হাজিরহাট (৩৭৩১), উপজেলা-কমলনগর, জেলা-লক্ষ্মীপুর | ০০০৪৪০ |
| ২ | জনাব কনক সরকার<br>পিতা-হরিদাস সরকার<br>মাতা-পুষ্প সরকার | ২৫-১২-১৯৯২ | গ্রাম-চাকদহ, ডাকঘর-চাকদহ (১৯২০), উপজেলা-সখিপুর, জেলা-টাঙ্গাইল | ০০১১২২ |
| ৩ | জনাব আব্দুর রাজ্জাক<br>পিতা- মোসলেম বেপারী<br>মাতা-রুপবান বেগম | ১৫-১২-১৯৯৩ | গ্রাম-কালই, ডাকঘর-ঝিটকা (১৮৩১), উপজেলা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ | ০০০৫৪৬ |

**শর্তাবলি:**

(১) নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদে ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোনো তথ্যে গরমিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে;

(২) যোগদানের সময় সকল সনদ এর মূলকপি প্রদর্শন করতে হবে এবং ২(দুই) কপি ছবি ও সকল সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(৩) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিশকাল আরো ০২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবে;

(৪) যদি শিক্ষানবিশকালে তিনি চাকরিতে বহাল থাকার অনুপোযোগী বলে বিবেচিত হন, তবে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ ব্যতিরেকে কোনো কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(৫) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পন্ন করতে হবে;

(৬) যদি তিনি শিক্ষানবিশকালীন অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি ইস্তফা দেন এবং তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে কর্মস্থলে অনুপস্থিত থাকেন, তা হলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা করা হবে;

(৭) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক নির্ধারিত জ্যেষ্ঠতাক্রম অনুসরণ করা হবে;

(৮) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৯) কোনো সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র (Release Letter) গ্রহণপূর্বক জমা দিতে হবে;

(১০) চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ০১(এক) মাস পূর্বে নোটিশ অথবা ০১(এক) মাসের সমপরিমাণ মূলবেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে। অন্যথায় The Public Demand Recovery Act, 1913 অনুযায়ী তা আদায়যোগ্য হবে ;

(১১) তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না, এ মর্মে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা/মুচলেকা চাকরির যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে;

(১২) The Government Servents (Conduct) Rules, 1979 এর ১৩ (১) উপবিধি অনুযায়ী তাঁকে সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(১৩) সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা এর নিকট স্বাস্থ্য পরীক্ষা করে ডোপ টেস্ট রিপোর্টসহ শারিরীক সুস্থতার সনদপত্র যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(১৪) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(১৫) চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোনো দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না; এবং

(১৬) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৩ মার্চ ২০২৪ তারিখে অর্থ বিভাগের প্রশাসন-৪ শাখায় (ভবন নং-১১, ১৫ তম তলা, কক্ষ নং-১৬১৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত না বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাসেলুল কাদের**
উপসচিব।

---

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০/২৭ ফেব্রুয়ারি ২০২৪

নং **৫৩.০০.০০০০.২১১.১১.০০২.২১.২১৬**—‘সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯’ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫-১০-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০১৪.২২(অংশ)-২৬৮ সংখ্যক পত্রের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীকে শর্তসাপেক্ষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাসহ রাজস্বখাতে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | পদের নাম | জাতীয় বেতন স্কেল/২০১৫ | নিজ জেলা | রেজি:নং |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব শাকিল মোহাম্মদ<br>পিতা-দীন মোহাম্মদ<br>মাতা- মমতাজ বেগম | সহকারী প্রোগ্রামার | ২২,০০০-৫৩০৬০/- | লক্ষ্মীপুর | 11133107 |

শর্তাবলি:

(ক) নিয়োগপ্রাপ্ত পদে যোগদানের পূর্বে পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা হতে স্বাস্থ্য পরীক্ষা করে শারীরিক সুস্থতার সনদ, ডোপ টেস্ট রিপোর্ট, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্বের সনদ এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(খ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(গ) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ঘ) প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তরে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তি গ্রহণ করতে হবে এবং যোগদানের সময় উক্ত অবমুক্তির আদেশ জমা দিতে হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদ বা দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোন তথ্যে গড়মিল বা ভুল পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক তাকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে, যদি তিনি যোগদানের পূর্বে এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(ছ) ‘সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯’ মোতাবেক চাকরিতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশি স্তরে কাজ করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কর্তৃপক্ষ শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করতে পারবে যাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ০২(দুই) বৎসরের অধিক না হয়। শিক্ষানবিশির মেয়াদে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাঁকে চাকরিচ্যুত করতে পারবে;

(জ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সঙ্গে সম্পাদন করতে হবে;

(ঝ) সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত জ্যেষ্ঠতা তালিকা ও সরকারি বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঞ) চাকরিতে ইস্তফা প্রদান করতে চাইলে তাকে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান করতে হবে অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত নেই এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণভাতা/দৈনিকভাতা প্রদান করা হবে না।

০২। উপযুক্ত শর্তাবলি প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে তাকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, নাগরিকত্বের সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ২৭ মার্চ ২০২৪ খ্রি: পূর্বাহ্নে সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন এবং তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **৫৩.০০.০০০০.২১১.১১.০০২.২১.২১৭**—'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫-১০-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০১৪.২২(অংশ)-২৬৮ সংখ্যক পত্রের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীকে শর্তসাপেক্ষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাসহ রাজস্বখাতে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | পদের নাম | জাতীয় বেতন স্কেল/২০১৫ | নিজ জেলা | রেজি:নং |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব চন্দন পাল<br>পিতা-দীপক কুমার পাল<br>মাতা-সবিতা রানী পাল | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ২২,০০০-৫৩০৬০/- | খুলনা | 17004294 |

শর্তাবলি:

(ক) নিয়োগপ্রাপ্ত পদে যোগদানের পূর্বে পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা হতে স্বাস্থ্য পরীক্ষা করে শারীরিক সুস্থতার সনদ, ডোপ টেস্ট রিপোর্ট, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্বের সনদ এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(খ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(গ) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ঘ) প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তরে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তি গ্রহণ করতে হবে এবং যোগদানের সময় উক্ত অবমুক্তির আদেশ জমা দিতে হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদ বা দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোন তথ্যে গড়মিল বা ভুল পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক তাকে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে, যদি তিনি যোগদানের পূর্বে এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(ছ) 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' মোতাবেক চাকরিতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশি স্তরে কাজ করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কর্তৃপক্ষ শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করতে পারবে যাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ০২(দুই) বৎসরের অধিক না হয়। শিক্ষানবিশির মেয়াদে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাঁকে চাকরিচ্যুত করতে পারবে;

(জ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সঙ্গে সম্পাদন করতে হবে;

(ঝ) সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত জ্যেষ্ঠতা তালিকা ও সরকারি বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঞ) চাকরিতে ইস্তফা প্রদান করতে চাইলে তাকে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান করতে হবে অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত নেই এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণভাতা/দৈনিকভাতা প্রদান করা হবে না।

০২। উপযুক্ত শর্তাবলি প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে তাকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, নাগরিকত্বের সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ২৭ মার্চ ২০২৪ খ্রি: পূর্বাহ্ণে সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন এবং তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, বি, এম রওশন কবীর**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩০/২২ ফেব্রুয়ারি ২০২৪

নং **২৫.০০.০০০০.০১৩.১২.০০৪.২১-১৪**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত সহকারী প্রকৌশলী (সিভিল) গণকে উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) পদে চলতি দায়িত্ব প্রদান করা হলো :

| ক্রম: | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|
| ১. | জনাব তানজিনা আফরিন জাহান<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত প্রকল্প সার্কেল-১, ঢাকা। |
| ২. | জনাব রিয়াদুস সালেহীন সাদী<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা |
| ৩. | জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত সম্পদ বিভাগ, ঢাকা। |
| ৪. | জনাব প্রশান্ত কুমার কুন্ডু<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>খুলনা গণপূর্ত জোন, খুলনা। |
| ৫. | জনাব মোঃ জামাল উদ্দীন<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>মেহেরপুর গণপূর্ত বিভাগ, মেহেরপুর। |
| ৬. | জনাব সমীর কুমার কুন্ডু<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা। |
| ৭. | জনাব মোঃ জান্নাতুন নাঈম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>রাজশাহী গণপূর্ত জোন, রাজশাহী। |
| ৮. | জনাব বিমলেন্দু সেন<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত প্রকল্প বিভাগ-২, ঢাকা।<br>সংযুক্ত : গণপূর্ত বিশেষ ডিজাইন ইউনিট-১, ঢাকা। |
| ৯. | জনাব মোঃ ইউসুফ সাব্বির<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>কুমিল্লা গণপূর্ত বিভাগ, কুমিল্লা। |
| ১০. | জনাব মোঃ খালিদ হাসান<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত বিশেষ ডিজাইন ইউনিট-২, ঢাকা। |
| ১১. | জনাব পার্থ সারথি দত্ত<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>মহাখালী গণপূর্ত বিভাগ, ঢাকা। |
| ১২. | জনাব জয় বড়ুয়া<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>রাঙ্গামাটি গণপূর্ত বিভাগ, রাঙ্গামাটি। |
| ১৩. | জনাব মোঃ কামরুল হাসান<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>কিশোরগঞ্জ গণপূর্ত বিভাগ, কিশোরগঞ্জ। |
| ১৪. | জনাব কাওসার আহমেদ<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>নাটোর গণপূর্ত বিভাগ, নাটোর। |
| ১৫. | জনাব মোঃ আতিকুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত ডিজাইন সার্কেল-২, ঢাকা। |
| ১৬. | জনাব জাহিদ হাসান<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>নোয়াখালী গণপূর্ত বিভাগ, নোয়াখালী। |
| ১৭. | জনাব মোঃ রকিবুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা। |
| ১৮. | জনাব গুলজার আহমেদ<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা। |

| ক্রম: | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|
| ১৯. | জনাব মোঃ তানজিল ইসলাম ভূইয়া<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২, ঢাকা। |
| ২০. | জনাব শেখ আরেফিন নূর<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গাজীপুর গণপূর্ত বিভাগ, গাজীপুর। |
| ২১. | জনাব মোঃ শাহ্ আলম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>সাভার গণপূর্ত বিভাগ, ঢাকা। |
| ২২. | জনাব মোহাম্মদ রিয়াদ উন নবী<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| ২৩. | জনাব মোঃ ইফতেকার আলম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গণপূর্ত উপ-বিভাগ-২, নেত্রকোণা। |
| ২৪. | জনাব দেবব্রত দত্ত<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা। |
| ২৫. | জনাব ফয়সাল আহমেদ<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা। |
| ২৬. | জনাব অনিক দাশ গুপ্ত<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>মেডিকেল কলেজ গণপূর্ত বিভাগ, ঢাকা |
| ২৭. | জনাব মোঃ নূর উদ্দীন<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১, চট্টগ্রাম। |
| ২৮. | জনাব মোঃ আসাদ আলী খোন্দকার<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>বগুড়া গণপূর্ত সার্কেল, বগুড়া। |
| ২৯. | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা গণপূর্ত সার্কেল-৩, ঢাকা। |
| ৩০. | জনাব মোঃ উজ্জল হোসেন<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>রাজশাহী গণপূর্ত জোন, রাজশাহী। |
| ৩১. | জনাব মোঃ আমানুর রহমান<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>দিনাজপুর গণপূর্ত সার্কেল, দিনাজপুর। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ নূর মোহাম্মদ**
যুগ্মসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০/২২ ফেব্রুয়ারি ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৯৪.১৩.০৩৫.২১.২৭২**—জনাব মোঃ তোফাজ্জল হোসেন (বিপি-৬৫৮৯০৭২০৫৫), অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, মাগুরা জেলা-কে ২৯-০২-২০২৪ তারিখে বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১-৩-২০২৪ হতে ২৮-০২-২০২৫ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহাবুর রহমান শেখ**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ পৌষ ১৪৩০/০৪ জানুয়ারি ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৩২.১২.০০৭.২৩.০৬**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২৬-১২-২০২৩ তারিখের ৪৭.০০.০০০০.০৩২.১২.০০৭.২৩.৬৯০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সহকারী নিবন্ধক/পরিসংখ্যানবিদ পদে পদোন্নতিপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ (সহকারী নিবন্ধক/পরিসংখ্যানবিদ)-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের পদোন্নতির অব্যবহিত পূর্বের কর্মস্থলে নিয়োগ/পদায়ন (ইনসিটু) করা হলো:

| ক্র: নং | কর্মকর্তার নাম | অব্যবহিত পূর্বের কর্মস্থল |
|---|---|---|
| ১। | জনাব মোঃ কেফায়েত উল্লাহ খান | উপসহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, চট্টগ্রাম। |
| ২। | জনাব মোঃ আকরাম হোসেন | উপসহকারী নিবন্ধক- জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত), জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ। |
| ৩। | জনাব মোঃ ফরিদ উদ্দিন সরকার | উপসহকারী নিবন্ধক- জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত), জেলা সমবায় কার্যালয়, লালমনিরহাট। |

| ক্র: নং | কর্মকর্তার নাম | অব্যবহিত পূর্বের কর্মস্থল |
|---|---|---|
| ৪। | জনাব পঙ্কজ কুমার চন্দ | উপসহকারী নিবন্ধক-জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত), জেলা সমবায় কার্যালয়, পটুয়াখালী |
| ৫। | জনাব মোঃ আতাউর রহমান পাটোয়ারী | উপজেলা সমবায় অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মাহবুব আলম**
উপসচিব।

---

**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ মাঘ ১৪৩০/২৯ জানুয়ারি ২০২৪

নং ৪৭.০০.০০০০.০৩২.১৩.০০১.২৪.৪৯—বিসিএস (সমবায়) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আসলাম আলী ভূঁইয়া, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নড়াইল এর জন্ম তারিখ ০১-০১-১৯৬৫ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ৩১-১২-২০২৩ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০১-২০২৪ তারিখ হতে ৩১-১২-২০২৪ তারিখ পর্যন্ত ১২ (বার) মাসের ভূতাপেক্ষভাবে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ২৫ মাঘ ১৪৩০/০৮ ফেব্রুয়ারি ২০২৪

**নং ৪৭.০০.০০০০.০৩২.১৯.০৪৩.১৫.৮৪**—বিসিএস (সমবায়) ক্যাডারের নিম্নবর্ণিত ০৫(পাঁচ) জন কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১। | কাজী মেসবাহ উদ্দিন আহমেদ অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক) | অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক) বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা। | অতিরিক্ত নিবন্ধক সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| ০২। | জনাব জেবুন নাহার অতিরিক্ত নিবন্ধক | অতিরিক্ত নিবন্ধক সমবায় অধিদপ্তর, ঢাকা। | অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক) বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা |
| ০৩। | জনাব মোঃ আশরাফুল ইসলাম উপ-নিবন্ধক | অধ্যক্ষ (উপ-নিবন্ধক) আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট, নরসিংদী। | উপ-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল। |
| ০৪। | জনাব শাকিলা হক উপ-নিবন্ধক | উপ-নিবন্ধক সমবায় অধিদপ্তর, ঢাকা। | অধ্যক্ষ (উপ-নিবন্ধক) আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট, নরসিংদী। |
| ০৫। | জনাব রবিউল ইসলাম উপ-নিবন্ধক | উপ-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল। | উপ-নিবন্ধক সমবায় অধিদপ্তর, ঢাকা। |

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০১ ফাল্গুন ১৪৩০/১৪ ফেব্রুয়ারি ২০২৪

নং **৪৭.০০.০০০০.০৩২.১৯.০৪৭.১৫.৯৬**—বিসিএস (সমবায়) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১। | জনাব মুহাম্মদ গালীব খান উপ-নিবন্ধক | অধ্যাপক (উপ-নিবন্ধক) বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লা। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদন কারী সমবায় ইউনিয়ন লি:, তেজগাঁও, ঢাকায় সংযুক্ত। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাহবুব আলম**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হইবে]**

তারিখ: ০১ ফাল্গুন ১৪৩০/১৪ ফেব্রুয়ারি ২০২৪

**নং ৪৭.০০.০০০০.০৩২.১৯.০৪৭.১৫.৯৬**—বিসিএস (সমবায়) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১। | জনাব মুহাম্মদ গালীব খান উপ-নিবন্ধক | অধ্যাপক (উপ-নিবন্ধক) বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লা। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদন কারী সমবায় ইউনিয়ন লি:, তেজগাঁও, ঢাকায় সংযুক্ত। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাহবুব আলম**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ মাঘ ১৪৩০/১২ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১২৬.১২.০০৪.২৩-১০৩**—মৎস্য অধিদপ্তরের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে চলতি দায়িত্ব প্রদান করা হলো:

১। জনাব মোঃ জিল্লুর রহমান, পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম—অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) মৎস্য অধিদপ্তর, মৎস ভবন, ঢাকা।

২। ড. মোঃ মুনিরুজ্জামান প্রিন্সিপাল মৎস্য ডিপ্লোমা ইন্সটিটিউট, কিশোরগঞ্জ—প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস পরিকল্পনা ও জরিপ) (চলতি দায়িত্ব) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৩। জনাব মোঃ জিয়া হায়দার চৌধুরী, প্রেষণে প্রকল্প পরিচালক সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট ইন বাংলাদেশ, মৎস্য অধিদপ্তর, ঢাকা—পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) (চলতি দায়িত্ব) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এবং অতিরিক্ত দায়িত্ব প্রকল্প পরিচালক সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট ইন বাংলাদেশ, মৎস্য অধিদপ্তর, ঢাকা।

০২। চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নতুন পদে স্থায়ীভাবে পদায়নকৃত বা পদোন্নতিপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবেন না।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ১৪-০২-২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

তারিখ ১২ ফাল্গুন ১৪৩০/২৫ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১২৬.০১.৩৫৪.২৪-১৩১**—জনাব মো: জাহাঙ্গীর আলম খান, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কর্মকর্তা, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, মৎস্য অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩ (১)(ক) অনুযায়ী ১৯-০২-২০২৪ খ্রি. তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: হেমায়েত হোসেন**
যুগ্মসচিব।

**প্রাণিসম্পদ-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঃ/২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

নং **৩৩.০০.০০০০.১২০.১৫.০০৭.১৬-৪৬**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন "হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৩ (তিন) জন পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার (নন-ক্যাডার) এর চাকরি তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে স্থায়ী করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|
| ১ | ডাঃ এইচ.এম শাহাদৎ<br>পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার (নন-ক্যাডার), আঞ্চলিক হাঁস প্রজনন খামার, রাঙ্গামাটি, সংযুক্তি—রংপুর চিড়িয়াখানা, রংপুর। | ০১-০৬-২০২৪ খ্রিঃ |
| ২ | ডাঃ মোসাম্মৎ আয়েশা সুলতানা<br>পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার (নন-ক্যাডার), আঞ্চলিক হাঁস প্রজনন খামার, ময়মনসিংহ, সংযুক্তি—কেন্দ্রীয় হাঁস প্রজনন খামার, নারায়ণগঞ্জ। | ০১-০৬-২০২৪ খ্রিঃ |
| ৩ | ডাঃ শিশির স্বপন চাকমা<br>পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার (নন-ক্যাডার), ডাক রিয়ারিং ইউনিট, নেত্রকোণা। | ০১-০৬-২০২৪ খ্রিঃ |

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরমান হায়দার**
উপসচিব।

**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ মাঘ ১৪৩০/১৩ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৫.২৪-৬১**—ডাঃ মোঃ মোশারফ হোসেন (গ্রেডেশন নং-১১৪৪), জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩০-০১-২০২৪ তারিখে হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো :

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ৩১-০১-২০২৪ তারিখ হতে ৩০-০১-২০২৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩০/১৫ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৪.২৪-৬৪**—জনাব সাদ মোঃ নেহাল উদ্দিন মিয়া (নন-ক্যাডার) পশু উৎপাদন কর্মকর্তা, দুগ্ধ ও গবাদিজাত উন্নয়ন খামার, হাটহাজারী, চট্টগ্রাম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১-১২-২০২৩ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০১-২০২৪ তারিখ হতে ৩১-১২-২০২৪ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের ভূতাপেক্ষভাবে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০/২০ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১১৯.১৩.০১৪.১৩-৭৩**—জনাব মোঃ রেজাউল করিম (গ্রেডেশন নং-২২৫), অবসরপ্রাপ্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নীলফামারী গত ৩১-০৮-২০২০ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.১২.০০১.১৫ (অংশ-১)-৩১৮ সংখ্যক প্রজ্ঞাপনে ০৮-০১-১৯৯৪ তারিখ হতে ভূতাপেক্ষভাবে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং গত ০৩-১১-২০২১ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.১২.০০৫.২০২০-৪৫০ সংখ্যক প্রজ্ঞাপনে ০৮-০১-২০০২ তারিখ হতে ভূতাপেক্ষভাবে ৪র্থ গ্রেডে টাইমস্কেল প্রাপ্ত হওয়ায় তাঁর মূল বেতন (৩৩,৭৫০+ মহার্ঘ ভাতা ৬,০০০)=৩৯,৭৫০/-(উনচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হয় বিধায় তাঁর অনুকূলে লাম্পগ্রান্ট হিসেবে অতিরিক্ত ৪০,৮০০/-(চল্লিশ হাজার আটশত) টাকা মঞ্জুর করা হলো।

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০/২৭ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৬.২৪-৭৯**—ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার (গ্রেডেশন নং-৮০৭), মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ২৭-০২-২০২৪ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২৮-০২-২০২৪ তারিখ হতে ২৭-০২-২০২৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ কামরুল হাসান**
উপসচিব।

---

**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩০/২২ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৩.০০.০০০০.১২৬.১২.০০৪.২৩.১২৫**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের সুপারিশক্রমে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০২-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১২.০৯৫.২৩.৯০ সংখ্যক স্মারক মোতাবেক বিসিএস (মৎস্য) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে মৎস্য অধিদপ্তরের পরিচালক/সমমান (গ্রেড-৩) পদে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৫৬,৫০০-৭৪,৪০০/-টাকা) পদোন্নতি প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে পদায়ন করা হলো :

১. ড. মোঃ মুনিরুজ্জামান প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ) (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা—প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২. ড. মোঃ সাখাওয়াত হোসেন ভূইয়া, উপপরিচালক (রিজার্ভ) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা—পরিচালক (রিজার্ভ) মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, ঢাকা।

৩. ড. মোঃ আবদুর রউফ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব) মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকা—প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৪. জনাব মোঃ জিয়া হায়দার চৌধুরী, পরচালক (অভ্যন্তরীণ মৎস্য) (চলতি দায়িত্ব) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এবং অতিরিক্ত দায়িত্ব প্রকল্প পরিচালক সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট ইন বাংলাদেশ, মৎস্য অধিদপ্তর, ঢাকা—পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এবং অতিরিক্ত দায়িত্ব প্রকল্প পরিচালক সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট ইন বাংলাদেশ মৎস্য অধিদপ্তর, ঢাকা।

৫. জনাব মোঃ শাহজাদা খসরু, উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, চট্টগ্রাম—পরিচালক (ব্লু-ইকোনমি) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৬. জনাব মোঃ আবদুস ছাত্তার, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ কুমিল্লা—পরিচালক (সামুদ্রিক) সামুদ্রিক মৎস্য দপ্তর আগ্রাবাদ, চট্টগ্রাম।

৭. ড. মোঃ আব্দুল আলীম, উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা—পরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর এবং অতিরিক্ত দায়িত্ব উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেমায়েত হোসেন**
যুগ্মসচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নং **১২.০০.০০০০.০৫৪.১২.০৮০.২৩-৪১**—মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সুপিরিয়র সিলেকশন বোর্ডের ২৩ জানুয়ারি ২০২৪ তারিখের সভার (২০২৪ সালের ২য় সভা) সুপারিশ অনুমোদনের পরিপ্রেক্ষিতে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত নিম্নবর্ণিত ০৩ (তিন) জন কর্মকর্তাকে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড-৩), জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী (টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/-) পদে পদোন্নতি প্রদান করা হলো:

| কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|
| জনাব আমীর মোঃ জাহিদ<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয় মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড-৩) |
| জনাব মো: মামুনুর রহমান<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা। | |
| জনাব মোহাম্মদ শওকতুজ্জামান<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, মাসকান্দা, ময়মনসিংহ। | |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দেবী চন্দ**
উপসচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**প্রশাসন কর্মচারী শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩০/২০ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩৬.০০.০০০০.০৪৭.১১.০২১.২৩.৫৩**—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বর্হিভূত গেজেটেড কর্মতকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল-১(৪)(ঘ) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮-১১-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১. ২৬১৫.২০২৩.৯৩ এর সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীগণ-কে ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) বেতনক্রমে শিল্প মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা (২য় শ্রেণির গেজেটেড) পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ দেয়া হলো:

| ক্র. নং | নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১। | জানাব মো: সোহরাব হোসেন | পিতা-মৃত মো: নজরুল ইসলাম, মাতা-আমেনা বেগম, গ্রামঃ মানুরি (ফকির বাড়ি), ডাকঘর-ঘনিয়া (৩৬১০), উপজেলা+থানা: ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর। |
| ০২। | জনাব জাহাঙ্গীর আলম | পিতা: শেখ নজরুল ইসলাম, মাতা-জাহানারা বেগম, গ্রামঃ হলদিবাড়ী রেলওয়ে কলোনী, ডাকঘর-পার্বতীপুর (৫২৫০) উপজেলা+থানা: পার্বতীপুর, জেলা-দিনাজপুর। |

**শর্তাবলি ঃ**

(ক) জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী মাসিক বেতন ও আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন;

(খ) এ নিয়োগ অস্থায়ী হিসেবে বিবেচিত হবে। বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বর্হিভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল-৬(১)(ক) মোতাবেক যোগদানের তারিখ হতে ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে;

(গ) উক্ত বিধিমালার ৬(২)(ক) এবং ৬(৩)(খ)(অ) মোতাবেক শিক্ষানবিশ থাকাকালে আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ তাঁদের চাকুরির অবসান ঘটাতে পারবেন;

(ঘ) উক্ত বিধিমালার ৬(১)(ক) অনুযায়ী শিক্ষানবিশের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর উক্ত বিধিমালার ৬(৩)(ক) মোতাবেক তাঁদের চাকুরি স্থায়ী করা হবে;

(ঙ) যদি চাকুরি হতে ইস্তফা দিতে চান, তবে যে তারিখ হতে ইস্তফা দেবেন সে তারিখের ০১ মাস পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে। অন্যথায় ০১ মাসের বেতনের সমপরিমাণ টাকা শিল্প মন্ত্রণালয়ের নির্ধারিত কোডে জমা দিতে বাধ্য থাকবেন;

(চ) চাকুরিতে যোগদানের জন্য তাঁরা কোনো প্রকার টি,এ/ডি,এ প্রাপ্য হবেন না;

(ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁদের চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁদের চাকুরি নিয়ন্ত্রিত হবে।

০২। উপর্যুক্ত শর্তে শিল্প মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদানে ইচ্ছুক হলে আগামী ০৫ মার্চ/২০২৪ তারিখ পূর্বাহ্নে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র জমা দিতে হবে। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সালাউদ্দিন**
যুগ্মসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০/০৫ মার্চ ২০২৪

নং **৩৩.০০.০০০০.১৪০.১৪.০১৫.২৭.১৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত প্রাণিসম্পদ অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন’-শীর্ষক প্রকল্পের আয়ন-ব্যয়ন ক্ষমতা প্রদানসহ পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে প্রেষণে নিয়োগ/পদায়ন করা হলো :

| কর্মকর্তার নাম, বর্তমান পদবি ও কর্মস্থল | বদলীকৃত পদবি ও প্রকল্পের নাম |
|---|---|
| ডাঃ প্রাণকৃষ্ণ হাওলাদার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং, রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা সংযুক্তি-প্রাণিস্বাস্থ্য শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | প্রকল্প পরিচালক মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রানিসম্পদ উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শামসুজ্জামান**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৬ (দপ্তর ও সংস্থা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০/০৪ মার্চ ২০২৪

নং **৪১.০০.০০০০.০১৯.০১.১২৬.২৪.৫২**—হাসপাতাল সমাজসেবা কার্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা এর সমাজসেবা অফিসার জনাব সিতারা ইয়াসমিন-কে ১৪-০৫-২০২৪ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৩(১)(ক) এবং ৪৭ অনুযায়ী সরকারি চাকরি থকে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ১৫-০৫-২০২৪ খ্রিঃ হতে ১৪-০৫-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং ৪১.০০.০০০০.০১৯.০১.১২৫.২৪.৫৩—হাসপাতাল সমাজসেবা কার্যালয়, যক্ষা নিয়ন্ত্রণ ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, চাঁনখারপুল, ঢাকা (স্থানান্তরিত ২৫০ শয্যা বিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকা) এর সমাজসেবা অফিসার জনাব কামরুন নাহার-কে ০৫-০৩-২০২৪ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৩(১)(ক) এবং ৪৭ অনুযায়ী সরকারি চাকরি থকে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০৬-০৩-২০২৪ খ্রিঃ হতে ০৫-০৩-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রুহুল কুদ্দুস**
উপসচিব।

## জনপ্রশাসন মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০/২৯ ফেব্রুয়ারি ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩৭.১৯.০০১.২১-৫৪**—বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর বিধি-৭ এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০ এর বিধি-৮ মোতাবেক নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদানের তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | পরিচিতি নম্বর | যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব নওশের ইবনে হালিম (১৭৮২৭) সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার | ১৭৮২৭ | ২০-০৯-২০১৬ |
| ২ | মিজ ইসমাত জাহান ইতু সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার | ১৮৮৮৮ | ১৪-০২-২০২১ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মর্তুজা আল-মুঈদ**
সিনিয়র সহকারী সচিব।

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০/২৯ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৫.০০.০০০০.১৪০.১৯.০০৩.২২.১২৭**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্ন ছকে বর্ণিত কর্মকর্তাগণ-কে (উপসচিব) তাদের নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো:

১। জনাব ফারজানা জামান (১৬৪৬৬) উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

২. জনাব মৌরীন করিম (১৬৬৩৫) উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০/০৩ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৪০.১৯.০১১.২২.১২৯**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব)- কে নামের পাশে বর্ণিত পদে পদায়নের লক্ষ্যে তার চাকরি শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হলো:

বেগম সাবেকুন নাহার (১৭৪৬৯) অতিরিক্ত জেলা প্রশাসক জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা—এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই), ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এটিএম শরিফুল আলম**
উপসচিব।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## পারসোনেল-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০/০৭ মার্চ ২০২৪

নং **৪৫.০০.০০০০.১৪৯.১৩.০০৬.২৪-১৩৮**—ডা: মো: আবুল হাসান (কোড-নং ৪১০২৪), ইমারজেন্সী মেডিকেল অফিসার (ইএমও), রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০১-০১-২০২৪ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি থেকে ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০২-০১-২০২৪ তারিখ হতে ০১-০১-২০২৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ইকবাল হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## এপিডি অনুবিভাগ

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০/২৯ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০১.২৪.২২১**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

১. জনাব মিল্টন চন্দ্র রায় (১৬৮০২) অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ—সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পদায়ন।

২. জনাব মো: মহসীন মৃধা (১৬৮৭৭), অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ—সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পদায়ন।

৩. জনাব মো: তারিফ-উল-হাসান (১৭৫৭৬) অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ—সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পদায়ন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.০০.০৩১.২০.২২২**—জনাব মোহাম্মদ আলী (১১৩০৬), সিনিয়র সহকারী সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০১-০৪-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০২-০৪-২০২৪ তারিখ হতে ০১-০৪-২০২৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২২৪**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মোহাম্মদ ফরিদ উদ্দীন (১৪৩৮৫) সহকারী অধ্যাপক ইসলামের ইতিহাস ও সংস্কৃতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ—বাংলাদেশ জাতীয় সংসদের প্রতিরক্ষা মন্ত্রণালয়, সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ ইলিয়াস উদ্দিন মোল্লাহ্, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ ইলিয়াস উদ্দিন মোল্লাহ্, এমপি- যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মোহাম্মদ ফরিদ উদ্দীন-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২২৫**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মইনুল ইসলাম সহকারী পরিচালক (অনুষ্ঠান) বাংলাদেশ বেতার—বাংলাদেশ জাতীয় সংসদের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি কাজী কেরামত আলী, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি কাজী কেরামত আলী, এমপি- যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মইনুল ইসলাম-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থকবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০১.২৪.২২৬**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

১. জনাব আরাফাত রহমান (১৭০২৫) অতিরিক্ত জেলা প্রশাসক জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা—সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পদায়ন।

২. জনাব মো: সাজেদুল ইসলাম (১৭৪৮২), উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট—সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পদায়ন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০১০.২৪.২২৭**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মোঃ সামছুল ইসলাম (১৫২০৭), উপপ্রধান, পরিকল্পনা কমিশন—বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধীদলীয় নেতা জনাব গোলাম মোহাম্মদ কাদের, এমপি এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধীদলীয় নেতা জনাব গোলাম মোহাম্মদ কাদের, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মোঃ সামছুল ইসলাম-কে তাঁর একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০১০.২৪.২২৮**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

ড. মো: আশরাফ আলী (১৭১৪০), সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ—বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় হুইপ জনাব সাইমুম সরওয়ার কমল, এমপি এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় হুইপ জনাব সাইমুম সরওয়ার কমল, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা ড. মো: আশরাফ আলী-কে তাঁর একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০১.২৪.২২৯**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

মোছা: আকতারুন নেছা (১৭২৮৬), সিনিয়র সহকারী সচিব বস্ত্র ও পাট মন্ত্রণালয়—সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন হিসাবে দায়িত্ব পালনের লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পদায়ন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কানিজ ফাতেমা**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০/০৩ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৪০.১৯.০০৯.২২.১৩০**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব)- কে নামের পাশে বর্ণিত পদে পদায়নের লক্ষ্যে তার চাকুরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে সংযুক্ত করা হলো :

জনাব মোঃ মাশফাকুর রহমান (১৬৮৬৯), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সিনিয়র সহকারী সচিব), মোংলা বন্দর কর্তৃপক্ষ, খুলনা—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) হিসেবে নিয়োগপূর্বক ঢাকা মেট্রোপলিটন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনার জন্য চাকুরি জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকায় সংযুক্ত।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এটিএম শরিফুল আলম**
উপসচিব

---

**এপিডি অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০/২৯ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২৩০**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মোঃ ইকবাল হাসান, সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ—বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান কমিটির সভাপতি জানাব মোঃ আবুল কালাম আজাদ, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান কমিটির সভাপতি জনাব মোঃ আবুল কালাম আজাদ, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব মোঃ ইকবাল হাসান-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কানিজ ফাতেমা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০/০৫ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০২.২৪.২৩৩**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব আব্দুল্লাহ আল-মামুন (১৬৯৭০), অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা—প্রধান তথ্য কমিশনার-এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০১.২৪.২৩৬**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো :

মিজ. মৌসুমী বাইন হীরা (১৬৯৫৬), অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ—সিনিয়র সহকারী সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২৩৮**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব মোহাম্মদ রাশেদুজ্জামান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর—বাংলাদেশ জাতীয় সংসদের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব ইমরান আহমদ, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব ইমরান আহমদ, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জানাব মোহাম্মদ রাশেদুজ্জামান-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০৩.২৪.২৩৯**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব অনুপ দাশ (১৭৬৬২), উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ—বাংলাদেশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি কাজী নাবিল আহমেদ, এমপি-এর একান্ত সচিব।

২। বাংলাদেশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি কাজী নাবিল আহমেদ, এমপি যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব অনুপ দাশ-কে একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০/০৭ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩৮.১৯.০০১.২৪.২৪১**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে বর্ণিত পদে বদলিপূর্বক নিয়োগ করা হলো:

জনাব সুশান্ত কুমার মাহাতো (১৭১৫৫), অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা—সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আশরাফুল আলম**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০/০৩ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩২.১৯.০৭৪.২৪.২৫৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০-০১-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০২.২৩-৪৪ সংখ্যক প্রজ্ঞাপনে জনাব শেখ মতিয়ার রহমান (৬২৬৭), উপপরিচালক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-কে উপপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর হিসেবে প্রেষণে নিয়োগ করা হয়। তিনি অদ্যাবধি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন নি। উক্ত কর্মকর্তা আগামী ০৭-০৩-২০২৪ তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন, অন্যথায় আগামী ০৭-০৩-২০২৪ তারিখ অপরাহ্ণ হতে তাৎক্ষণিক অবমুক্ত ( Stand Released) ) বলে গণ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০/০৪ মার্চ ২০২৪

নং **০৫.০০.০০০০.১৩২.১৯.০০১.২৩.২৫৭**—বাংলাদেশ সশস্ত্র বাহিনীর (সেনাবাহিনী) নিম্নবর্ণিত কর্মকর্তা কে বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগে তাঁর চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো:

| নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রস্তাবিত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| বিএ-৫৬৩১<br>কর্নেল মাসুদ পারভেজ চৌধুরী, পিএসসি<br>বাংলাদেশ সেনাবাহিনী | মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার<br>ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) | জননিরাপত্তা বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩২.১৯.০০২.২৪.২৫৮**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে (সিনিয়র সহকারী সচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তাঁর চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো :

| নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|
| জয়শ্রী রানী রায় (১৭০০৬),<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>রংপুর সিটি কর্পোরেশন | সচিব<br>রংপুর সিটি কর্পোরেশন | স্থানীয় সরকার বিভাগ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৩২.১৯.০০২.২৪.২৫৯**—বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে (সিনিয়র সহকারী সচিব) বদলিপূর্বক নামের পাশে বর্ণিত পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত তাঁর চাকরি সংশ্লিষ্ট বিভাগে ন্যস্ত করা হলো :

| ক্রমিক | নাম, পরিচিতি নম্বর, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | ন্যস্তকৃত বিভাগ |
|---|---|---|---|
| ১ | জনাব তামিম আল ইয়ামীন (১৬৮৪৫), অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। | উপপরিচালক দুর্নীতি দমন কমিশন | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ২ | জনাব মোঃ আশিকুর রহমান চৌধুরী (১৭৪৩০) উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ। | উপপরিচালক দুর্নীতি দমন কমিশন | |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০/০৪ মার্চ ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৯৪.১৩.০৩৫.২১.৩৯৮**—জনাব মোঃ ওমর ফারুক (বিপি-৬৫৯০০৩৫৮৫৫), অতিরিক্ত পুলিশ সুপার, অপরাধ তদন্ত বিভাগ, বাংলাদেশ পুলিশ, ঢাকা-কে ৩১-০৩-২০২৪ তারিখে বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১-৪-২০২৪ হতে ৩১-০৩-২০২৫ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহাবুর রহমান শেখ**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আষাঢ় ১৪৩১/২৬ জুন ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৪৬.০৩.০০৫.১৯(অংশ-২)-২৮৩**—সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৪৯ অনুযায়ী জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া (পরিচিতি নম্বর ৪১৪২)-কে তার পূর্বের চুক্তির ধারাবাহিকতায় ও অনুরূপ শর্তে আগামী ০৫ জুলাই ২০২৪ অথবা যোগদানের তারিখ থেকে পরবর্তী ০১ (এক) বছর মেয়াদে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পদে পুনরায় চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এই চুক্তিভিত্তিক নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ভাস্কর দেবনাথ বাপ্পি**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১/২৫ জুন ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৩০.১২.০০১.২২-৩১৫**—অবসর গমনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দকে তাঁদের নামের পাশে উল্লিখিত কর্মস্থলে পদায়ন করা হলো:

১. জনাব নুর মোহাম্মদ মজুমদার (৫৫০৬), চেয়ারম্যান (গ্রেড-১), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (গ্রেড-১), জনপ্রশাসন মন্ত্রণালয়।

২. জনাব সঞ্জয় কুমার ভৌমিক (৫৯২২), চেয়ারম্যান (গ্রেড-১), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (গ্রেড-১), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩. জনাব মো: মমতাজ উদ্দিন, এনডিসি (৬১০১), মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (গ্রেড-১), জনপ্রশাসন মন্ত্রণালয়।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আলমগীর কবির**
উপসচিব।